



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

অতীব জরুরী

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭

প্রতিদিন অন্তত: একবার আপনার  
প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

প্রতিদিন অন্তত: একবার বাকাশিবো  
এর ওয়েব সাইট [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

স্মারক নং বাকাশিবো/উপনি(গোপনীয়)/২০১৭/৪০৫

তারিখঃ ২০-০৭-২০১৭ খ্রিঃ


প্রাপক,

অধ্যক্ষ/পরিচালক/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট ও কেন্দ্র সচিব  
সকল ডিপ্লোমা/এইচএসসি (বি.এম)/এইচএসসি (ভোক)/ডিপ্লোমা ইন কমার্স/এসএসসি (ভোক) ও দাখিল (ভোক)।

বিষয়ঃ প্রশ্নপত্র প্রেরণের খালি ট্রাংক ফেরৎ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত এসএসসি (ভোক) ও দাখিল (ভোক), এইচএসসি (বি.এম), এইচএসসি (ভোক), ডিপ্লোমা ইন কমার্স, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার এবং ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজিসহ বিভিন্ন পরীক্ষার পূর্বে ট্রাংকজাত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রশ্নপত্র প্রেরণ করা হয়ে থাকে। পরীক্ষা শেষে এসব খালি ট্রাংকগুলো সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র সচিবের দায়িত্বে/তত্ত্বাবধানে বোর্ডের ৮ম তলায় (গোপনীয় শাখা) প্রেরণের কথা থাকলেও কোনো কোনো কেন্দ্র সচিবগণ সেগুলো যথাসময়ে প্রেরণ করছেন না। এতে করে বোর্ড থেকে প্রশ্নপত্র প্রেরণে জটিলতা দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, যে সকল কেন্দ্র সচিবগণ এখনো ট্রাংক বোর্ডে প্রেরণ করেননি তাঁদেরকে সংশ্লিষ্ট ট্রেজারি/থানা লকার থেকে ট্রাংকগুলো বুঝে নিয়ে প্রতি ট্রাংকে ২টি করে তালার ও প্রতিটি তালার জন্য তিনটি করে চাবিসহ বাহক মারফত অনতিবিলম্বে বোর্ডে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য আগামী এসএসসি (ভোক) ও দাখিল (ভোক), এইচএসসি (বি.এম), এইচএসসি (ভোক), ডিপ্লোমা ইন কমার্স, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিষয়টি অতীবগুরুত্বপূর্ণ এবং সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সহায়তা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(প্রকৌশলী সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
মোবাইলঃ ০১৭১৪-০৭৫৮৩৮  
ফোনঃ ৯১১৩২৮৩


তারিখঃ ২০-০৭-২০১৭ খ্রিঃ

স্মারক নং বাকাশিবো/উপনি(গোপনীয়)/২০১৭/ ৪০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপ-সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৬. সংশ্লিষ্ট জেলা প্রশাসক।
৭. পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
৮. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্টকোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. সংশ্লিষ্ট নথি।

[সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবগণের সাথে  
টেলিফোনে যোগাযোগ করে ট্রাংক প্রেরণের  
বিষয়টি নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা  
হলো।]

  
(প্রকৌঃ মোঃ ইয়াছিন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।